জগণ্গত জনমাত্রেরও কোন ভেণ্ণৃষ্টি করে না, সেই তোমাদিগকে আমরা স্থব করিয়া থাকি। এন্থলে "নাত্মনাণ্চ পরস্থাপি তণ্যুদ্মান্ ব্যুমীমিহি"—এই শ্লোকন্থ 'তং' পদের অর্থ শ্রীগোস্বামীপাদ করিতেছেন—"তং ততোহিপি মার্কণ্ডেয়াদীদ্ শুদ্ধবৈষ্ণবান্ ব্যুমীমহি ভজেম ইত্যর্থং" অর্থাৎ সেই সকল সমদর্শী শান্তজ্ঞানী ভক্তকে অতিক্রম করিয়াও শুদ্ধবৈষ্ণব নার্কণ্ডেয় প্রভৃতিকে আমরা (ব্রহ্মা বিষ্ণু শিব) ভজন করিয়া থাকি। শ্রীশিব প্রের্বাক্ত প্রকারেই পাওয়া যায়। ভগবান্ যেমন আমার প্রিয়, ভগবন্তক্ত তোমরাও আমার সেইপ্রকার প্রিয়। ভগবান্ যেমন আমার প্রিয়, ভগবন্তক্ত তোমরাও আমার সেইপ্রকার প্রিয়। ভগবন্তক্তগণেরও আনা ভিন্ন অন্থ কেই প্রিয় নাই। এই প্রমাণে শ্রীশন্তরের শ্রীভগবন্তজ্বভিন্ন অন্থ কেইই প্রিয় নাই। এই প্রমাণে শ্রীশন্তরের শ্রীভগবংপ্রিয়ন্থই বর্ণিত হইয়াছে। অন্যত্রও দেখা যায়—ভগবান্ শ্রীহরি প্রসন্ন হইলে স্থাবর জন্তম্বের সহিত্ত আমি, (শিব) প্রসন্ন হইয়া থাকি। শ্রীমার্কণ্ডেয়ের শুদ্ধ-বৈষ্ণবন্ধ সম্বন্ধে পূর্বের অর্থাৎ হয়াতেও শ্লোকে শ্রীশিববচনে স্পষ্ট্রমপেই উল্লিখিত হইয়াছে। যথা—

নৈবেচ্ছত্যাশিষঃ কাপি ব্রন্মর্যির্মাক্ষমপ্যুত ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেহব্যয়ে,

অর্থাৎ শ্রীশঙ্কর শ্রীউমাকে কহিলেন—হে প্রিয়ে। এই ব্রন্ধর্ষি মার্কণ্ডেয় কোন স্থানে কাহারও নিকটে ধর্ম অর্থ কাম তো প্রার্থনা করেই না, এমন কি মোক্ষের পর্যান্ত প্রার্থনা করে না। তাহা করিবেই বা কেন ? এই মার্কণ্ডেয় যে অব্যয়-পুরুষ শ্রীভগবানে পরাভক্তি লাভ করিয়াছে। আরও একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে— শ্রীশিব যখন মার্কণ্ডেয়ের ফ্রদয়ে অবিভূত হইলেন, তথন তাঁহার সমাধি ভঙ্গ হইয়াছিল। এস্থলে যদি ঐহর ও औহরি সর্ববিথা অভেদ হইবেন, তবে মার্কণ্ডেয়ের সমাধি ভঙ্গ হইবে কেন ৷ ইহা দার। শ্রীহরি-হরের পার্থক্য স্পষ্টই পাওয়া যাইতেছে। সেই সমাধি ভঙ্গ-বিষয়ে ঐ দ্বাদশ স্বন্ধের দশম অধ্যায়ে উল্লেখ করা হইয়াছে যে—"কিমিদং কুত এবেতি সমাধেবিরতো মুনিঃ"—অর্থাৎ মুনি মার্কণ্ডেয় নিজ ফদয়ে আবিভূত শিবসূর্ত্তি দর্শন করিয়া ভাবিলেন—আমার হাদয়ে এ কি দেখিতেছি এবং এ মূর্তিটি কোথা হইতেই বা আসিল ? এইপ্রকার চিত্রচাঞ্চল্য বশতঃ সমাধি হইতে বিরত হইলেন। ১২।১০ অধ্যায়ে শ্রীমার্কণ্ডেয়ের প্রতি শ্রীশিব "আশ্বণাঃ সাধবঃ শাস্তা" ইত্যাদি "অহঞ্চ ভগবান্ ভ্ৰহ্মা স্বয়ঞ্চ হনিনীখন"— এই জোকে य रित-रत व्याजन मृष्टि छेलातम कित्रशारकन, जाराहक्य 'रिति' भारमत प्रस् 'স্বয়ং' এই পদটি উল্লেখ করিয়াছেন; ইহা দারাও শ্রীহরিরই প্রাধান্ত বলা